

# Official Spokesperson's response to media queries regarding the detention of Indian fishermen from Tamil Nadu by Sri Lankan authorities between 18-20 December 2021

December 21, 2021

**2021-এর 18 থেকে 20 ডিসেম্বর শ্রী লংকা কর্তৃপক্ষের তামিলনাড়ু থেকে ভারতীয় মৎস্যজীবীদের আটক করা প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া**  
ডিসেম্বর 21, 2021

2021-এর 18 থেকে 20 ডিসেম্বরের মধ্যে শ্রীলংকা কর্তৃপক্ষের তামিলনাড়ু থেকে ভারতীয় মৎস্যজীবীদের আটক করা প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি বলেন:

2021-এর 18 থেকে 20 ডিসেম্বরের মধ্যে শ্রীলংকা কর্তৃপক্ষের তামিলনাড়ু থেকে ভারতীয় মৎস্যজীবীদের আটক করার বিষয়ে আমরা চিন্তিত। আমাদের তথ্য অনুযায়ী 68 জন মৎস্যজীবী এবং 10টি নৌকো তাদের জিম্মায় নেওয়া হয়েছে।

2. জাফনার ভারতীয় কনস্যুলেট জেনারেলের আধিকারিকরা মৎস্যজীবীদের সাথে সাক্ষাৎ করেছেন এবং তাদের যাবতীয় প্রয়োজনীয় সহায়তা প্রদান করেছেন। এর মধ্যে তাদের আত্মীয় পরিজনদের সাথে ফোনে কথা বলার পাশাপাশি জামাকাপড়, প্রসাধন সামগ্রী, স্ন্যাক্স, শুকনো খাবার এবং মাস্ক রয়েছে। তারা আইনি প্রতিনিধিস্বরূপ ব্যবস্থা করছেন।

3. একজন মৎস্যজীবীর ক্ষেত্রে যিনি অসুস্থ হয়েছিলেন, ভারতীয় কনস্যুলার আধিকারিক তার সুস্থতা পরীক্ষা করার জন্য তাকে হাসপাতালে গিয়ে দেখে এসেছেন।

4. কলোম্বোতে আমাদের হাই কমিশনার শ্রীলংকা সরকারের সাথে ভারতীয় মৎস্যজীবীদের এবং নৌকোগুলিকে দ্রুত মুক্ত করার বিষয় নিয়ে আলোচনা করেছেন।

5. বিদেশ মন্ত্রী এই বিষয় নিয়ে বিভিন্ন রাজনৈতিক দলগুলির থেকে অভিযোগ পেয়েছেন। তিনি এই বিষয় নিয়ে তামিলনাড়ুর মুখমন্ত্রীর সাথেও সাক্ষাৎ করেছেন। তিনি তাদের যাবতীয় বর্তমান পরিস্থিতি জ্ঞাপন করেছেন এবং দ্রুত মুক্তিকে নিশ্চিত করার জন্য ভারত সরকারের প্রচেষ্টাকে বিশেষভাবে উল্লেখ করেছেন।

**নিউ দিল্লি**

**ডিসেম্বর 21, 2021**

**DISCLAIMER:** This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.